কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

Graphic Design Work



Flex ,Poster ,Card ,Cartoon , Logo ,Newspaper ,Book , Magazine & other.
9836753622



HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 24 MARCH 2026 ,TUESDAY | ২৪ মার্চ ২০২৬ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-112

## ভোটারদের আস্থা ফেরাতে কুমারগ্রামে কেন্দ্রীয় বাহিনীর সাথে রুট মার্চ করলেন পুলিশ সুপার



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ মার্চ :** ভোটারদের মনে আস্থা ফেরানোর লক্ষ্যে সোমবার আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের পাগলারহাটে কেন্দ্রীয় বাহিনীর সাথে রুট মার্চ করলেন জেলা পুলিশ সুপার অমিত কুমার শ। রুট মার্চে তার সাথে ছিলেন কুমারগ্রামের বিডিও সন্দীপ ধারা, কুমারগ্রাম থানার আই সি শমীক চ্যাটার্জি। রুট মার্চ এর আগে তিনি কুমারগ্রাম থানা পরিদর্শন করেন। রুট মার্চ শেষ করে সাংবাদিক সম্মেলনে পুলিশ সুপার জানান এদিন তিনি জেলার বিভিন্ন থানা পরিদর্শন করেছেন। নির্বাচনকে অবাধ ও শান্তিপূর্ণ করার লক্ষ্যে নির্বাচন কমিশনের ছয় দফা নির্দেশ সম্পর্কে সমস্ত স্তরের পুলিশ কর্মীদের অবহিত করেন। এই ছয় দফা নির্দেশ মান্য করার লক্ষ্যে সমস্ত পুলিশ কর্মীরা দায়িত্ববান হবেন বলে তিনি আশাবাদী। তিনি এদিন সাধারন মানুষদের সাথেও কথা বলেন। তাদের জানান এই ছয় দফা নির্দেশ অমান্য করতে দেখলে বা যে কোনো সমস্যায় ১৯৫০ হেল্প লাইন নম্বরে ফোন করার জন্য বলেন। তিনি জানান আসন্ন নির্বাচনকে শান্তিপূর্ণ ও অবাধ করার লক্ষ্যে প্রশাসন সার্বিক ভাবে প্রস্তুত ও বদ্ধপরিকর। **ছবি: মলয় দেবনাথ**

## একাধিক মহিলাকে শ্লীলতাহানির অভিযোগে গ্রেপ্তার যুবক



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৩ মার্চ :** একাধিক মহিলাকে শ্লীলতাহানির অভিযোগে রবিবার রাতে গ্রেপ্তার করলো শিলিগুড়ি মহিলা থানার পুলিশ। জানা গেছে ধৃত যুবকের নাম শর্নেন্দু মন্ডল (২৭),সে চয়নপাড়ার বাসিন্দা। পুলিশ জানায় ধৃত যুবকের বিরুদ্ধে দীর্ঘদিন ধরে অভিযোগ শোনা যাচ্ছিলো যে সে শহরের নির্জন এলাকা বা বিভিন্ন গলিতে মহিলাদের শ্লীলতাহানি করতো। সম্প্রতি শিলিগুড়ির হাকিমপাড়ায় এক যুবতীর শ্লীলতাহানি করে ঐ যুবক। যুবতী চলতি মাসের উনিশ তারিখ এই বিষয়ে যুবকের বিরুদ্ধে শিলিগুড়ি মহিলা থানায় অভিযোগ দায়ের করে।আরও কয়েকজন মহিলা একই অভিযোগ দায়ের করে। অভিযোগ পেয়ে পুলিশ তদন্ত শুরু করে ও যুবককে শনাক্ত করে। রবিবার রাতে শিলিগুড়ি মহিলা থানার পুলিশ জলপাইমোড় থেকে ঐ যুবককে গ্রেপ্তার করে। সোমবার ধৃতকে আদালতে পাঠানো হয়েছে। পুলিশ ঘটনার পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

## অসম বাংলা সীমানায় কড়া নজরদারি প্রশাসনের



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,২৩ মার্চ :** অসম ও পশ্চিমবঙ্গ দুই রাজ্যেই অনুষ্ঠিত হতে চলেছে বিধানসভার নির্বাচন। দুই রাজ্যের নির্বাচনী পরিস্থিতিতে কোচবিহার জেলার অসম বাংলা সীমানায় জেলা প্রশাসনের উদ্যোগে চলছে কড়া নজরদারি। এই নজরদারির অঙ্গ হিসাবে কোচবিহার জেলার বক্সিরহাট থানার পুলিশ নাকা চেকিং পরিচালনা করছে অসম বাংলা সীমানার জোড়াই মোড়ে এবং সংকোশে। দুটি নাকা চেকিং এ রবিবার ও সোমবার উদ্ধার হয় নগদ তিন লক্ষ তেরো হাজার আটশো সাতান্ন টাকা। প্রশাসন সূত্রে জানা গেছে রবিবার রাতে জোড়াই মোড়ে নাকা চেকিং এ একটি ছোট চার চাকার গাড়ি আটক করে তল্লাশী চালিয়ে গাড়িতে থাকা ব্যাগ থেকে উদ্ধার হয় সাতান্ন হাজার সাতশো টাকা।গাড়িতে থাকা দার্জিলিং এর বীরেন্দ্র সাহা টাকার কোনো বৈধ নথি দেখাতে পারেননি।অপরদিকে সোমবার সকালে বক্সিরহাট থানা এলাকার সংকোশ নাকা চেকিং এ অসম থেকে আসা একটি ছোট চার চাকার গাড়ি আটক করে তল্লাশী চালিয়ে উদ্ধার হয় এক লক্ষ নিরান্নব্বই হাজার টাকা। এক্ষেত্রেও গাড়িতে থাকা অসমের বাসিন্দা টোটন ভৌমিক টাকার কোনো বৈধ নথি দেখাতে পারেননি। উল্লেখ্য নির্বাচনী আচরন বিধি অনুযায়ী পঞ্চাশ হাজার টাকার বেশী নগদে বহন করলে তার জন্য বৈধ নথিপত্র সাথে রাখা প্রয়োজন। বীরেন্দ্র সাহা ও টোটন ভৌমিক তাদের সাথে রাখা টাকার কোনো বৈধ নথিপত্র দেখাতে না পারায় সেই টাকা বাজেয়াপ্ত করেছে পুলিশ। উদ্ধার করা টাকা নির্বাচনের কাজে ব্যবহারের জন্য নিয়ে যাওয়া হচ্ছিলো কিনা তা খতিয়ে দেখছে পুলিশ।

## উদ্ধার দুই ব্যাগ বোমা ,আতঙ্ক এলাকায়



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মুর্শিদাবাদ ,২৩ মার্চ :** মুর্শিদাবাদ জেলার রেজিনগর থানার ছেতিয়ানি ঘোষপাড়ায় একটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের পাশ থেকে সোমবার সকালে উদ্ধার হয় দুই ব্যাগ ভর্তি বোমা। ঘটনায় ব্যপক আতঙ্ক ছড়িয়েছে এলাকায়। জানা গেছে রবিবার রাতে কে বা কারা এই বোমা এখানে রেখে গিয়েছে। সোমবার সকালে স্থানীয়রা বোমাগুলি দেখতে পেয়ে রেজিনগর থানায় খবর দেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। তারা বোমাগুলি উদ্ধার করে সেগুলি নিষ্ক্রিয় করার জন্য বোম স্কোয়াডের কর্মীদের খবর দেয় ও এলাকাটি ঘিরে রেখে পাহারা শুরু করে। উল্লেখ্য বেশ কিছুদিন আগেই এই এলাকা থেকে অনেকগুলি বোমা উদ্ধার হয়েছিলো। বোমা বানাতে গিয়ে একজনের মৃত্যু হয় বলে জানান স্থানীয়রা। এরপর এলাকায় একটি পুলিশ ফাঁড়ি বসানো হয়। পুলিশ ফাঁড়ি থাকা সত্বেও এলাকায় বোমা রেখে যাওয়ার ঘটনায় প্রশ্ন উঠেছে নিরপত্তা নিয়ে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# মুখ্যমন্ত্রীর সফরের আগে বকেয়া মজুরি ইস্যুতে উত্তেজনা ছড়ায় বানারহাটের দুই চা বাগানে




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,২৩ মার্চ :** মুখ্যমন্ত্রীর জেলা সফরের ঠিক কয়েক ঘণ্টা আগে ভোটের মুখে বকেয়া মজুরির দাবিতে উত্তেজনা ছড়ায় বানারহাটের দুই চা বাগানে। নিউ ডুয়ার্স ও চুনাভাটি চা বাগানে প্রায় পাঁচ শতাধিক শ্রমিক সকাল থেকেই ধর্নায় বসেন। দীর্ঘদিনের পাওনা না মেটানোয় ক্ষুব্ধ শ্রমিকরা এদিন কাজে যোগ না দিয়ে সরাসরি বিক্ষোভে সামিল হন।শ্রমিকদের অভিযোগ, গত কয়েক সপ্তাহ ধরেই তাদের মজুরি বকেয়া পড়ে রয়েছে। শুধু সাম্প্রতিক বেতন নয়, অনেক দাবি-দাওয়াও এখনও পূরণ হয়নি। এর জেরে চরম আর্থিক সংকটে পড়েছেন শ্রমিক পরিবারগুলি। তাঁদের দাবি, বকেয়া মজুরি না পাওয়ায় নিত্যপ্রয়োজনীয় খরচ চালানোই দায় হয়ে উঠেছে অনেকেই ঠিকমতো দু'বেলা খাবারও জোগাড় করতে পারছেন না।বিক্ষুব্ধ শ্রমিকদের হুঁশিয়ারি, দ্রুত সমস্যার সমাধান না হলে তাঁরা বৃহত্তর আন্দোলনের পথে হাঁটবেন। ফলে পরিস্থিতি ক্রমশই জটিল আকার নিচ্ছে।

# রাজগঞ্জ পুলিশের বড় সাফল্য ,১৬ ঘণ্টার মধ্যেই চুরির কিনারা ,গ্রেফতার ৫



**সুমিত কান্তি সরকার ,এই যুগ ,জলপাইগুড়ি ,২৩ মার্চ :** জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ ব্লকের মগ্রাডাঙ্গি সংলগ্ন এলাকায় একটি মুদিখানা দোকানে চুরির ঘটনায় বড় সাফল্য রাজগঞ্জ পুলিশের। মাত্র ১৬ ঘন্টার মধ্যেই চুরির কিনারা করে পুলিশ প্রশাসন।উদ্ধার হয় চুরি যাওয়া জিনিসপত্র।অভিযোগ, গভীর রাতে দোকান থেকে প্রায় লক্ষাধিক টাকার সামগ্রী চুরি হয়ে যায়।ঘটনার পর রাজগঞ্জ থানায় লিখিত অভিযোগ দায়ের করা হলে দ্রুত তদন্তে নামে সাদা পোশাকের পুলিশ। তদন্তে নেমে মাত্র ১৬ ঘণ্টার মধ্যেই পাঁচজন অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ।পুলিশ সূত্রে জানা গেছে, ধৃত পাঁচজনের মধ্যে চারজনই রাজগঞ্জ থানা এলাকার বাসিন্দা।ধৃতদের কাছ থেকে চুরি যাওয়া বেশ কিছু সামগ্রীও উদ্ধার করা হয়েছে। উদ্ধার হওয়া জিনিসের মধ্যে রয়েছে সিগারেট, পান মশলা, সরষের তেল, হরলিক্স সহ একাধিক নিত্যপ্রয়োজনীয় পণ্য।পুরো ঘটনার তদন্ত চালিয়ে যাচ্ছে পুলিশ এবং বাকি জড়িতদের খোঁজেও তল্লাশি শুরু হয়েছে। পুলিশের এই তৎপরতা ও সাফল্য লাভে বেশ খুশি ব্যবসায়ী মহল থেকে সাধারণ জনগণ।

# শামুকতলা থানার পাশেই স্পর্শকাতর ভোট কেন্দ্র




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ মার্চ :** শামুকতলা থানার ১ কিলোমিটার দুরেই শামুকতলা ট্রাইবেল অফিস। আর সেই ট্রাইবেল অফিসের মাঝেই রয়েছে বুথ কেন্দ্র। ২১৩ নম্বর ভোটকেন্দ্র টি স্পর্শ কাতর বলে চিহ্নিত করেছেন প্রশাসনিক কর্তারা। শামুকতলা থানা এলাকায় দুটি স্পর্শকাতর বুথ রয়েছে। এর মধ্যে একটি হলো শামুকতলা গ্রাম পঞ্চায়েত এলাকার ২১৩ নম্বর বুথ এবং অপরটি রয়েছে মাঝের ডাবরি গ্রাম পঞ্চায়েত এর ঢালকর এলাকায়। আলিপুরদুয়ার জেলার পুলিশ সুপার জানিয়েছেন দুটি স্পর্শ কাতর ভোট কেন্দ্র পরিদর্শন করা হয়েছে।

# বারবিশা চৌপথীতে ট্রাকের ধাক্কায় এক বৃদ্ধার মৃত্যু



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ মার্চ :** সোমবার কুমারগ্রাম ব্লকের বারবিশা চৌপথীতে ট্রাকের ধাক্কায় মৃত্যু হল এক বৃদ্ধার। জানা গিয়েছে, মৃতার নাম পূর্ণিমা দাস, বয়স ৭৫। তিনি বারবিশার লস্করপাড়ার বাসিন্দা ছিলেন। এদিন সকালের দিকে পূর্ণিমা দাস বারবিশা চৌপথীতে ৩১ নম্বর সি জাতীয় সড়ক পার হচ্ছিলেন। সেসময় আলিপুরদুয়ারের দিক থেকে আসা একটি ট্রাক তাঁকে ধাক্কা মারে। খবর পেয়ে দুর্ঘটনাস্থলে আসে বারবিশা ফাঁড়ির পুলিশ ও ট্রাফিক পুলিশ। গুরুতর জখম অবস্থায় পূর্ণিমা দাসকে উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়। পরে কোচবিহার এমজেএন মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে যাওয়ার পথে তাঁর মৃত্যু হয়েছে। এই বিষয়ে বারবিশা পুলিশ ফাঁড়ির ওসি জগৎজ্যোতি রায় বলেন, 'ট্রাকটি আটক করা হয়েছে। এই বিষয়ে একটি মামলা দায়ের করে ঘটনার তদন্ত শুরু করা হয়েছে।'

# পোয়ালের পুঁজিতে আগুন, উত্তেজনা ক্রান্তিতে




**সুমিত কান্তি সরকার ,এই যুগ ,জলপাইগুড়ি ,২৩ মার্চ :** ক্রান্তি ব্লকে পরপর পোয়ালের পুঁজিতে আগুন লাগার ঘটনায় এলাকাজুড়ে চরম আতঙ্ক ছড়িয়েছে। সর্বশেষ ঘটনাটি ঘটেছে ক্রান্তি ব্লকের সারিপাকরি ধনতলা মোড় সংলগ্ন এলাকায়। স্থানীয় বাসিন্দা বেলাল হোসেনের পোয়ালের পুঁজিতে সোমবার আনুমানিক দুপুর দু'টো নাগাদ হঠাৎ আগুন লাগে।স্থানীয় সূত্রে জানা যায়, কে বা কারা দিনদুপুরে এই আগুন লাগিয়েছে তা এখনও স্পষ্ট নয়। তবে ঘটনাটি ঘিরে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। আগুন লাগার পর দ্রুত স্থানীয় মানুষজন ও ক্রান্তি অঞ্চলের উদ্যোগে লোকাল ফায়ার ব্রিগেড ঘটনাস্থলে পৌঁছে যায় এবং তৎপরতার সঙ্গে প্রায় ৭৫ শতাংশ আগুন নিয়ন্ত্রণে আনে।এরপর ময়নাগুড়ি থেকে আরও একটি দমকলের ইঞ্জিন এসে পৌঁছায় এবং বাকি আগুন সম্পূর্ণভাবে নেভানোর কাজ শুরু করে। দমকল কর্মীদের দ্রুত পদক্ষেপে বড় ধরনের ক্ষয়ক্ষতি এড়ানো সম্ভব হয়েছে বলে জানা গেছে।এদিকে, পরপর এমন অগ্নিকাণ্ডের ঘটনায় স্থানীয় বাসিন্দাদের মধ্যে আতঙ্ক ক্রমশ বাড়ছে। অনেকেই মনে করছেন, এটি পরিকল্পিত নাশকতার ঘটনা হতে পারে। ঘটনার সঠিক তদন্তের দাবি উঠেছে এলাকাবাসীর পক্ষ থেকে।উল্লেখ্য, ক্রান্তি অঞ্চলের পক্ষ থেকে নিজস্ব উদ্যোগে গাড়িতে করে জলের ট্যাংকের ব্যবস্থা করা হয়েছে, যা আগুন নেভানোর কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন স্থানীয় মানুষজন।ঘটনার তদন্ত শুরু হয়েছে এবং দোষীদের চিহ্নিত করতে পুলিশি তৎপরতা জোরদার করা হয়েছে।

# শামুকতলা থানা পরিদর্শন পুলিশ সুপারের




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ মার্চ :** শামুকতলা থানা পরিদর্শন করলেন আলিপুরদুয়ার জেলার পুলিশ সুপার অমিত কুমার সাউ তার সঙ্গে ছিলেন মহকুমা পুলিশ আধিকারিক শ্রীনিবাস এমপি সহ অন্যান্য পুলিশ আধিকারিকরা। সোমবার বিকেল সাড়ে তিনটা নাগাদ তিনি শামুকতলা থানায় এসে পুলিশ অফিসারদের নিয়ে বৈঠক করেন। মূলত বিধানসভার নির্বাচন সুষ্ঠুভাবে করার লক্ষ্যেই বিভিন্ন নির্দেশ তিনি দিয়ে গেছেন শামুকতলা থানার পুলিশ অফিসারদের। থানায় বৈঠকের পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে সুষ্ঠুভাবে নির্বাচন করার বার্তা দেন জনতাকে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |